বাগেরহাটে বেকারীর কারখানায় আগুন, দুই ঘন্টার চেষ্টায় নিয়ন্ত্রনে, নিহত ১

বাগেরহাট শহরের নাগেরবাজার এলাকায় একটি বেকারী কারখানায় অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। শনিবার (১৭ এপ্রিল) রাতে শহরের পিয়াজপট্টি এলাকার রমেশ সাহার বেকারীর কারখানায় এই অগ্নিকান্ডের ঘটনা ঘটে। এসময় কারখানার এক শ্রমিক অগ্নিদগ্ধ হয়ে নিহত হয়েছে। তার নাম আজিম (১৫) বলে তার পরিবার দাবী করেছে।

প্রত্যক্ষদর্শীরা জানান, রাতে আগুন জ্বলতে দেখে স্থানীয়দের ডাক-চিৎকারে লোকজন এসে আগুন নিয়ন্ত্রনের চেষ্টা করে। এসময় এলাকাবাসী, রেড ক্রিসেন্টের সদস্য, পুলিশ সদস্যরা স্থানীয় ভাবে পানি দিয়ে আগুন নিয়ন্ত্রনের চেষ্টা করে। পরে খবর পেয়ে ফায়ার সার্ভিসের দুটি ইউনিট প্রায় দুই ঘন্টার চেষ্টায় আগুন নিয়ন্ত্রনে আনে।

ততক্ষনে কারখানার মধ্যে থাকা বেকারীর বিভিন্ন সামগ্রী পুড়ে যায়। কারখানার শ্রমিক আজিমকে তার পরিবার খুজে পাচ্ছিলেন না। আগুন নিভে যাওয়ার পর কারখানার ভিতর থেকে একটি পুড়ে যাওয়া মরদেহ উদ্ধার করেছে পুলিশ। এটিই আজিমের মরদেহ বলে সবাই ধারনা করছে।

বাগেরহাট ফায়ার সার্ভিসের উপ সহকারী পরিচালক মোঃ গোলাম সরোয়ার জানান, আগুন লাগার খবর পেয়ে ঘটনাস্থলে দুটি ইউনিট পৌঁছে প্রায় দুই ঘন্টা চেষ্টা চালিয়ে আগুন নিয়ন্ত্রনে আনতে সক্ষম হয়। তবে কিভাবে আগুনের সূত্রপাত তা এখনো জানা যায়নি। তদন্ত সাপেক্ষে ছাড়া সম্ভব না বলে জানান তিনি।

বাগেরহাট মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) কে.এম আজিজুল ইসলাম জানান, আগুন নিভে যাওয়ার পর ওই কারখানার ভিতর তল্লাসি করে, একটি দগ্ধ মরদেহ পাওয়া গেছে। মরদেহটি উদ্ধার করে বাগেরহাট সদর হাসপাতাল মর্গে পাঠানো হয়েছে। একটি পরিবার দাবি করেছে নিহতের নাম আজিম। সেই ওই কারখানার শ্রমিক। তবে আগুনে পুড়ে যাওয়ায় মরদেহটি শনাক্ত করা যাচ্ছে না। ডিএনএ পরিক্ষার পর শনাক্ত করা

□□□□□